দৈনিক ইনকিলাব

তারিখ ... MAR. 1 0 1999 ... ...
পৃষ্ঠা ৩ কলাম ৪

222

# ছাত্র দলের মিছিলে ছাত্র লীগের হামলার প্রতিবাদে ক্যাম্পাসে বিক্ষোভ

**স্টাফ রিপোর্টার ঃ** প্রধানমন্ত্রীর আগমনের প্রতিবাদে ঢাকা বিশ্ববিদ্যালয়ে জাতীয়তাবাদী ছাত্র দলের মিছিলে ছাত্র লীগের হামলা ও ছাত্রীদের লাঞ্ছিত করার প্রতিবাদে ছাত্র দল গতকাল (মঙ্গলবার) ক্যাম্পাসে বিক্ষোভ প্রদর্শন করেছে। প্রতিবাদী ছাত্র দল কর্মীরা ভাইস চ্যান্সেলরের কার্যালয়ের সামনে গণ থুথু নিক্ষেপের মাধ্যমে তাদের তীব্র ঘৃণা ও ক্ষোভ প্রকাশ করে। কলাভবন এলাকায় মিছিল শেষে ভিসি অফিসের সামনে অনুষ্ঠিত এক সমাবেশে ছাত্র দল নেতৃবৃন্দ বলেন, ভিসি প্রফেসর এ কে আজাদ চৌধুরী সরকারের ক্রীড়নক হিসেবে বিশ্ববিদ্যালয় পরিচালনা করছেন। তিনি দালালীপনার শেষ সীমা লংঘন করেছেন। ছাত্র সমাজ এই ভিসিকে আর দেখতে চায় না। বক্তাগণ ছাত্রী মিছিলে হামলার জন্য দায়ী সন্ত্রাসীদের অবিলম্বে গ্রেফতার করে দৃষ্টান্তমূলক শাস্তি দেয়ার দাবী জানান।

বিশ্ববিদ্যালয় ছাত্র দলের সভাপতি মনির হোসেনের সভাপতিত্বে সমাবেশে বক্তব্য রাখেন বজলুল বাসিত আঞ্জু, তরিকুল ইসলাম বনি, হেলেন জেরীন খান, সালাহউদ্দিন টুকু প্রমুখ।